

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫২.১৬-৩৪৫

তারিখঃ-১৪/০৯/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ- যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের জন্য কর্মসংস্থান ব্যাংক হতে অধিক হারে ঋণ সুবিধা প্রদানের অনুরোধ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তর কর্মপ্রত্যাশী যুবদের দেশব্যাপী বিভিন্ন ট্রেডে স্বল্প ও দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের মাধ্যমে কর্মদক্ষতা প্রদানপূর্বক আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত করার কাজ করে যাচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তর বছরে প্রায় তিনলক্ষ যুব ও যুবনারীকে প্রশিক্ষণ প্রদান করে থাকে। প্রশিক্ষিত যুবদের আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প তৈরীতে পুঁজি অপরিহার্য বিধায় সংশ্লিষ্টদের পুঁজি সরবরাহের জন্য অধিদপ্তরের নিজস্ব ঋণ তহবিল থেকে প্রতিবছর প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের মধ্য হতে মাত্র ১২-১৫% যুবকে ঋণ সুবিধা প্রদান করা যায়। প্রশিক্ষিত যুবদের একটা বড় অংশ এই ঋণ সুবিধা থেকে বঞ্চিত হয় বিধায় প্রশিক্ষণের প্রকৃত উদ্দেশ্য অর্থাৎ আত্মকর্মসংস্থান সৃজন এবং পর্যায়ক্রমে উদ্যোক্তা সৃষ্টির প্রক্রিয়া ব্যাহত হচ্ছে। প্রশিক্ষণের প্রকৃত উদ্দেশ্যকে যৌক্তিক ও অর্থবহ করার লক্ষ্যে কর্মসংস্থান ব্যাংকও দেশব্যাপী বিভিন্ন শাখার মাধ্যমে প্রশিক্ষিত যুবদেরকে ঋণ সুবিধা প্রদান করে আসছে। বর্তমানে ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণ সুবিধা চাহিদার তুলনায় অপ্রতুল। যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালকগণ জেলা এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ স্ব স্ব কর্ম এলাকার কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপকগণের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করে চলেছেন এবং প্রতি তিন মাসে একটি করে দ্বিপক্ষীয় সভার মাধ্যমে ঋণ প্রবাহের গতিশীলতা বৃদ্ধিতে সচেষ্ট রয়েছেন।

বলার অপেক্ষা রাখেনা যে, দেশের অপার সম্ভাবনাময় যুব সমাজকে উৎপাদনশীল কর্মকাণ্ডে যথাযথভাবে সম্পৃক্ত করার মাধ্যমে বর্তমান সরকারের রূপকল্প '২১ এবং ২০৩০ সালে এস ডি জি'র লক্ষ্যমাত্রা অর্জন এবং ২০৪১ সালে উন্নত সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ সম্ভব। সে লক্ষ্যকে সামনে রেখে তার নিয়ন্ত্রণাধীন কর্মসংস্থান ব্যাংকের বিভিন্ন শাখার ব্যবস্থাপকগণকে যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষিত যুবদেরকে অগ্রাধিকার ভিত্তিতে অধিকহারে ঋণ সুবিধা প্রদানের বিষয়ে বিবেচনা করার লক্ষ্যে পুনরায় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষরিত/-

১৩/০৯/২০১৭খ্রিঃ

(আনোয়ারুল করিম)

মহাপরিচালক

ফোনঃ ৯৫৫৯৩৮৯

Email-dgdydhq@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক  
কর্মসংস্থান ব্যাংক  
প্রধান কার্যালয়  
১, রাজউক এভিনিউ, ঢাকা।

অনুলিপি বিতরণঃ

০১। উপ-সচিব (যুব-২) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। দপ্তর নথি।

মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫২.১৬- ৩৪৭

তারিখঃ- ১৪/০৯/২০১৭ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর----- (সকল) জেলা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ০৩। কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর,----- (সকল) জেলা।
- ০৪। ডেপুটি কো-অর্ডিনেটর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর,----- (সকল) জেলা।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, ----- (সকল) উপজেলা----- জেলা।
- ০৬। দপ্তর নথি।

পত্রের মর্মমাসিক স্ব স্ব অধিক্ষেত্রের কর্মসংস্থান ব্যাংকের ব্যবস্থাপকের সাথে নিবিড় যোগাযোগ রেখে প্রতিমাসে ঋণ বিতরণ বাড়ানোর উদ্যোগ ও পরিকল্পনা গ্রহণ এবং ত্রৈমাসিক অগ্রগতির সভানুষ্ঠান নিশ্চিত করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ অতিউর রহমান জলুকদার)  
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)  
দায়িত্ব বিমোচন ও ঋণ শাখা।